“সমুদ্রের পানি পবিত্র এবং তার মৃত প্রাণী (খাওয়া) হালাল”।

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করল, হে আল্লাহর রসূল! আমরা সমুদ্রে
যাত্রা করি এবং পান করার জন্য সাথে সামান্য (মিঠা) পানি বহন করি। আমরা যদি তা দিয়ে
অযু করি তাহলে পিপাসায় থাকতে হয়। সুতরাং এরূপ অবস্থায় আমরা সমুদ্রের পানি দিয়ে অযু
করব কী? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “সমুদ্রের পানি পবিত্র এবং তার মৃত প্রাণী (খাওয়া) হালাল”। [সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী, নাসায়ী, ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করল এবং বলল: আমরা শিকার, ব্যবসা ও এই জাতীয় অন্যান্য কাজের জন্য সমুদ্রে যাত্রা করি এবং পান করার জন্য আমাদের সাথে সামান্য (মিঠা) পানি বহন করি। আমরা যদি পান করার পানি অযু ও গোসলে ব্যবহার করি তাহলে তা শেষ হয়ে যাবে এবং আমরা পান করার জন্য কিছু পাব না; সুতরাং এরূপ অবস্থায় আমাদের জন্য সমুদ্রের পানি দ্বারা অযু করা বৈধ কী? তখন নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সমুদ্রের পানি সম্পর্কে বললেন, তার পানি পবিত্র ও পবিত্রকারী; তা দিয়ে অযু ও গোসল করা বৈধ এবং তা থেকে যা বের হয়, যেমন মাছ, তিমি ইত্যাদি হালাল, যদিও তা মৃত অবস্থায় পাওয়া যায় এবং শিকার করা ছাড়াই সমুদ্রে পৃষ্ঠে ভাসা অবস্থায় পাওয়া যায়।

http://sunnah.global/hadeeth/bn/show/8355